অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/19/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হাইওয়েতে থেমে থাকা সকল যানবাহনকে অন্তর্ভুক্ত করে মুভ ওভার আইনের সম্প্রসারণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে স্মরণ করিয়ে দিলেন

কোনো নষ্ট বা থেমে থাকা যানবাহনের সাথে সংঘর্ষ এড়ানোর জন্য চালককে অবশ্যই গতি ধীর করতে বা সরে যেতে হবে

মুভ ওভার আইন চালক, পথচারী, হাইওয়ে কর্মী, এবং জরুরি সাড়াদানকারীদের সুরক্ষা প্রদান করে

গভর্নর ক্যাথি হোকল চালকদের স্মরণ করিয়ে দিলেন যে শীঘ্রই সকল যানবাহনকে অন্তর্ভুক্ত করার জন্য নিউ ইয়র্কের মুভ ওভার আইনকে (Move Over Law) সম্প্রসারিত করা হবে যা সকলের জন্য হাইওয়ের নিরাপত্তা উন্নত করবে। 27 মার্চ, 2024 থেকে চালকদের সতর্কতা অবলম্বন করতে হবে, যার মধ্যে রয়েছে হাইওয়ের পাশে থেমে থাকা সকল যানবাহনের সাথে সংঘর্ষ এড়ানোর জন্য গতি ধীর করা বা সরে যাওয়া।

"সকল নিউ ইয়র্কবাসীর, বিশেষ করে রাস্তার পাশে থামতে হওয়া ব্যক্তিদের নিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার," **গভর্নর হোকল বলেন।** "আপনি যদি একটি নষ্ট গাড়ির দিকে ধাবিত হতে থাকেন, তাহলে গতি ধীর করুন এবং সম্ভাব্য সেরা উপায়ে সরে গিয়ে তাদের কিছু স্থান প্রদান করুন।"

2016 থেকে 2020 পর্যন্ত, নিউ ইয়র্কে নষ্ট গাড়ির বাইরে 37 জন ব্যক্তি প্রাণ হারিয়েছে। জাতীয়ভাবে, প্রতি বছর রাস্তার পাশে প্রায় 300 চালক ধাক্কা খায় এবং মৃত্যুবরণ করে। সেই মর্মান্তিক ঘটনাসমূহ প্রতিহত করার জন্য এবং নিউ ইয়র্কের রাস্তাকে সকলের জন্য আরো নিরাপদ করার জন্য মুভ ওভার আইন প্রণয়ন করা হয়েছিলো।

রাস্তার পাশে থেমে থাকা জরুরি যানবাহনের সাথে সংঘর্ষ প্রতিহত করার জন্য 2010 সালে আইনটি প্রথম কার্যকর করা হয়। হ্যাজার্ড যানবাহন, হাইওয়ে কর্মীদের যানবাহন, এবং টো ট্রাককে আওতাধীন করতে আইনটিকে একাধিকবার সম্প্রসারিত করা হয়েছে। রাস্তায় থেমে থাকা সকল যানবাহনকে এই সুরক্ষার অন্তর্ভুক্ত করার মাধ্যমে আইনটিকে আরো বলীয়ান করার জন্য 2023 সালে গভর্নর হোকল একটি বিল স্বাক্ষর করেন। এই আইনের অধীনে, যখন একজন চালক রাস্তার শোল্ডারে থেমে থাকা একটি যানবাহনের দিকে ধাবিত হবে, তখন তাদের যা করতে হবে:

- যানবাহনের ঠিক পাশের লেন নয় এমন অন্য কোনো লেনে সরে যেতে হবে, বা
- নিরাপদে লেন পরিবর্তন করতে না পারলে গতি ধীর করে যুক্তিসঙ্গত গতিতে নামিয়ে আনতে হবে।

এছাড়াও আজকে, গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটি (Governor’s Traffic Safety Committee, GTSC) একটি জনসচেতনতা ক্যাম্পেইন শুরু করছে যেখানে রেডিও, সোশ্যাল মিডিয়া এবং অন্যান্য ঘরের বাইরের উপাদান ব্যবহার করে মানুষকে মনে করিয়ে দেওয়া হবে যে তারা যদি রাস্তার পাশে বা একটি গাড়ি চালানোর লেনে থেমে থাকা কারো দিকে ধাবিত হয় তাহলে তাদের সম্ভাব্য সেরা উপায়ে "গতি ধীর করে, সরে যেতে" হবে। জাতীয় হাইওয়ে ট্র্যাফিক নিরাপত্তা প্রশাসন (National Highway Traffic Safety Administration) অনুযায়ী, আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং প্রথম সাড়াদানকারীদের সুরক্ষিত রাখার জন্য 50টি স্টেটের সবগুলিতে "মুভ ওভার" আইন রয়েছে, কিন্তু এক তৃতীয়াংশ আমেরিকান এইসব আইন সম্পর্কে জানে না।

মোটরযান বিভাগের (Department of Motor Vehicles, DMV) কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির প্রধান মার্ক জে.এফ. শ্রোডার বলেন, "মুভ ওভার আইনের সম্প্রসারণ হলো স্টেটকে বসবাস, কাজ, এবং যাতায়াতের জন্য একটি নিরাপদ স্থান করতে নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতির আরেকটি উদাহরণ। যেকোনো সময়েই আপনাকে হঠাৎ গাড়ি থামাতে হতে পারে, কিন্তু যখন আপনি তা করবেন তখন যাতে নিজেকে বা অন্যদেরকে ঝুঁকিগ্রস্ত না করেই তা করতে পারেন আমরা তা নিশ্চিত করতে চাই। আমাদের রাস্তায় মর্মান্তিক ঘটনা প্রতিহত করার জন্য আমাদের কর্তব্য পালন করার জন্য আমাদের সকলের দায়িত্ব, তাই অনুগ্রহ করে আইন মান্য করুন। আপনি যখন অন্য কোনো যানবাহনকে থেমে থাকতে দেখবেন তখন গতি ধীর করুন এবং সরে যান।"

থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক জি হোয়ার এস্কয়ার বলেন, "রাস্তার পাশে থেমে থাকা সকল যানবাহনের জন্য সুরক্ষা সম্প্রসারিত করার মাধ্যমে মুভ ওভার আইন বলীয়ান করা হলে তা জীবন রক্ষা করতে সাহায্য করবে। আইনের উদ্দেশ্য হলো মোটরচালক, জরুরি সাড়াদানকারী, থ্রুওয়ে কর্মী এবং নষ্ট যানবাহনে সহায়তা করা অন্য সকলকে সুরক্ষিত রাখা। আপনি যখন কোনো যানবাহনকে থেমে থাকতে দেখবেন, গতি ধীর করুন এবং নিরাপদে সরে যান। থ্রুওয়েতে টহল দান এবং মোটরচালকদের নিরাপদ রাখতে নিউ ইয়র্ক স্টেট পুলিশ ট্রুপ T এ আমাদের অংশীদারদের কাজের জন্য আমরা তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

পরিবহন বিভাগের (Department of Transportation) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "নষ্ট এবং রাস্তায় থেমে থাকা যানবাহনকে অন্তর্ভুক্ত করতে নিউ ইয়র্কের মুভ ওভার আইনের সম্প্রসারণ করা রাস্তা থেকে প্রাণনাশের ঘটনা নির্মূল করার লক্ষ্য অর্জনের জন্য অতি গুরুত্বপূর্ণ। 2016 থেকে 2020 এর মধ্যে নিউ ইয়র্কের রাস্তায় নষ্ট যানবাহনের বাইরে 37 জন ব্যক্তি প্রাণ হারিয়েছে, এবং মুভ ওভার আইন সম্প্রসারণ করার জন্য গভর্নর হোকলের পদক্ষেপটি নিরাপত্তাকে শীর্ষ অগ্রাধিকার প্রদান করে মৌলিকভাবে জীবন রক্ষা করবে।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট স্টিভেন জেমস বলেন, "আমাদের রাস্তাঘাটে যারা যাতায়াত করছে এবং যার এর উপর কাজ করছে

তাদের জন্য রাস্তাঘাট নিরাপদ রাখতে নিউ ইয়র্ক স্টেট পুলিশ প্রতিশ্রুতিবদ্ধ আছে। মুভ ওভার আইন সম্প্রসারিত করা এবং এর প্রবিধান প্রবলভাবে প্রয়োগ করার মাধ্যমে, আমরা পুরো স্টেটে আমাদের রাস্তা ব্যবহারকারী সকলের জন্য নিরাপত্তা আরো উন্নত করতে পারবো। তার অনুরূপ নিবেদন এবং নিউ ইয়র্কের রাস্তার নিরাপত্তা উন্নত করতে তার প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য কেন জেব্রোস্কি: "মূল মুভ ওভার আইনটি রাস্তার পাশের মৃত্যু প্রতিহত করার একটি কার্যকর উপায় হিসেবে কাজ করেছে, এবং সকল থেমে থাকা বা নষ্ট যানবাহনের জন্য আইনটি সম্প্রসারণ করা হলো পরবর্তী যুক্তিসঙ্গত পদক্ষেপ। এই সম্প্রসারণ পাশ করাতে গভর্নর এবং আমার সহকর্মীদের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত এবং আশা করছি যে আমাদের রাস্তাঘাটকে আরো নিরাপদ দেখতে পারবো।"

স্টেটের সিনেটর লিয়া ওয়েব বলেন, "নিউ ইয়র্কবাসীকে মুভ ওভার আইন সম্পর্কে স্মরণ করিয়ে দেওয়ার জন্য এবং আমাদের স্টেটজুড়ে চালকদের সুস্থতা ও নিরাপত্তাকে অগ্রাধিকার প্রদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। আমাদের রাস্তায় থেমে থাকা যানবাহনের দিকে ধাবিত হওয়ার সময় চালকের জন্য যথাযথ যত্ন নিয়ে গাড়ি চালানো, গতি কমানো, এবং লেন পরিবর্তন করা আবশ্যিক করে আমরা প্রাণনাশের সংখ্যা এবং মারাত্মকভাবে আহত হওয়ার ঘটনা হ্রাস করতে পারি। সিনেটে এই বিধিমালা স্পন্সর করতে পেরে আমি গর্বিত এবং সকল যাত্রীর জন্য নিরাপত্তা উন্নত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ থাকছি।"

মুভ ওভার আইন এবং অন্যান্য হাইওয়ের নিরাপত্তা উদ্যোগ সম্পর্কে আরো তথ্যের জন্য GTSC এর ওয়েবসাইট ভিজিট করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন